**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) অতি প্রবল ঘূর্ণিঝড় রেমাল আর কয়েক ঘন্টা বাদেই আছড়ে পড়বে স্থলভাগে ।**

**(২) ঘূর্ণিঝড় রেমালের পরিস্থিতি মোকাবেলায় রাজ্য প্রশাসন প্রস্তুত ।**

**(৩) আগামী দু’দিন রাজ্যের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি থাকবে ।**

**(৪) এশিয়ান জিমন্যাস্টিক চ্যাম্পিয়ানশীপে দীপা কর্মকারের স্বর্ণ পদক লাভ ।**

****************************************

**REMAL-IMD:**

আরো শক্তি বাড়িয়ে ধেয়ে আসছে অতি প্রবল ঘূর্ণিঝড় রেমাল। ভারতীয় আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, ঘূর্ণিঝড় রেমাল আজ রাত ১১ টা থেকে একটার মধ্যে ভারতের সাগরদ্বীপ, বাংলাদেশের খেপুপাড়া ও মংলা অঞ্চলে আছড়ে পড়তে পারে। ঐ সময়ে ঝড়ের সর্বোচ্চ গতিবেগ হতে পারে ঘণ্টায় ১৩৫ কিলোমিটার। আগামীকাল ভোরে শক্তি হারিয়ে ঝড়ের গতিবেগ হতে পারে ঘন্টায় সর্বোচ্চ ৯০ কিলোমিটার। এই সময় গভীর নিম্নচাপে পরিণত হতে পারে রেমাল। তারপর ক্রমশ শক্তি হারিয়ে এটি নিম্নচাপে পরিণত হবে। ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে আজ রাতে উত্তর জেলা ও ঊনকোটি জেলায় ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টি এবং বাকি ছয় জেলায় ঝড়ো হাওয়া সহ অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এই সঙ্গে ঘন্টায় ৪০থেকে ৫০ কিলোমিটার, সর্বোচ্চ ৭০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া

বয়ে যেতে পারে। আগামীকাল গোমতী ও সিপাহীজলা জেলায় অতি ভারী বৃষ্টিপাত ও বাকি ছয় জেলায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

********************

**Revenue Secretary**

ঘূর্ণিঝড় 'রেমাল'-এর প্রভাবে রাজ্যেও ঝড় ও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। উদ্‌ভূত পরিস্থিতি মোকাবেলায় রাজ্য প্রশাসন সম্পূর্ণভাবে প্রস্তুত। এক্ষেত্রে সতর্কতামূলক সবরকম ব্যবস্থা নেওয়া হয়েছে। পাশাপাশি জেলাশাসকদেরকেও পরিস্থিতি মোকাবেলায় সবরকম প্রস্তুতি নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে রেমালের প্রভাবে রাজ্যে সম্ভাব্য ঘূর্ণিঝড় ও ভারী বৃষ্টিপাতের মোকাবেলায় সরকারের গৃহিত বিভিন্ন পদক্ষেপসমূহ তুলে ধরে একথা জানান। তিনি জানান, ঘূর্ণিঝড়ের সম্ভাব্য তীব্রতাকে বিবেচনা করে মুখ্যসচিবের সভাপতিত্বে আজ সচিবালয়ে জরুরি ভিত্তিতে ত্রিপুরা ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির স্টেট এক্সিকিউটিভ কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজ্যের আবহাওয়া পূর্বাভাসে সংক্রান্ত সার্বিক পরিস্থিতি নিয়ে পর্যালোচনা করা হয় এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহিত হয়।

সাংবাদিক সম্মেলনে রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে জানান, ঘূর্ণিঝড় ও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনাকে বিবেচনা করে আগামী ২৭ ও ২৮ মে ২০২৪ রাজ্যের স্কুল, শিক্ষা প্রতিষ্ঠান এবং অঙ্গনওয়াড়ী কেন্দ্রগুলি বন্ধ থাকবে। দক্ষিণ ও গোমতী জেলায় সম্ভাব্য উদ্‌ভূত পরিস্থিতি মোকাবেলায় এনডিআরএফ-এর একটি টিমকে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি এসডিআরএফ টিমগুলিকেও প্রস্তুত থাকতে বলা হয়েছে। খাদ্য ও নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মজুত সুনিশ্চিত করতে খাদ্য দপ্তরকে বলা হয়েছে। রাজ্যের মৎস্যচাষীদের সর্তক করতে মৎস্য দপ্তরকে প্রয়োজনীয় উদ্যোগ নিতেও বলা হয়েছে বলে সচিব জানান।

সাংবাদিক সম্মেলনে ইন্ডিয়া মেট্রোলজিক্যাল ডিপার্টমেন্টের রাজ্য অধিকর্তা ড. পার্থ রায় জানান, ঘূর্ণিঝড়ের প্রভাবে ২৬-শে মে থেকে ২৯-শে মে পর্যন্ত রাজ্যের বিভিন্ন প্রান্তে ভারি বৃষ্টিপাত ও ঝড়ের সম্ভাবনা রয়েছে।

আগামী ৩ দিন রাজ্যের বিভিন্ন জেলাগুলিতে এই বিষয়ে সতর্কতামূলক সংকেত জারি করা হয়েছে বলে তিনি জানান।

সাংবাদিক সম্মেলনে এমবিবি এয়ারপোর্ট-এর অধিকর্তা জানান, ঘূর্ণিঝড়ের কারণে আগাম সতর্কতা হিসেবে কলকাতা-আগরতলা রুটের সমস্ত বিমান ২৭শে মে সকাল ৯টা পর্যন্ত বাতিল করা হয়েছে। তবে দিল্লী, ব্যাঙ্গালুরু, গুয়াহাটি বিমান পরিষেবা স্বাভাবিক রয়েছে।

*******************

**REMAL-WEST BENGAL:**

রেমালের প্রভাবে ইতিমধ্যে পশ্চিমবঙ্গের উপকূলবর্তী বিভিন্ন অঞ্চলে ঝড়ো হওয়া সহ ভারী বৃষ্টিপাত চলছে। পশ্চিমবঙ্গের দক্ষিণ চব্বিশ পরগনা ও উত্তর ২৪ পরগনা থেকে আকাশবাণীর জেলা সংবাদদাতাগন জানিয়েছেন, ইতিমধ্যে সমুদ্র আরো উত্তাল হয়ে উঠেছে। ত্রান ও উদ্ধার কার্যের জন্য বিভিন্ন স্থানে এনডিআরএফ টিম পৌঁছে গেছে। বেশ কিছু স্থান থেকে সাধারণ মানুষকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেয়া হয়েছে। সমুদ্র সৈকত সহ সমুদ্র উপকূলের কাছাকাছি সমস্ত পর্যটন কেন্দ্র বন্ধ রাখা হয়েছে।

*******************

**Preparedness:**

ঊনকোটি জেলা প্রশাসন থেকে সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ তথা বিপর্যয় মোকাবিলায় সবধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ জানান, সম্ভাব্য বন্যা পরিস্থিতির মোকাবিলায় জেলাতে 107 টি ত্রান শিবির চিহ্নিত করা হয়েছে। যন্ত্রচালিত 11 টি নৌকা সহ মোট 61 টি নৌকা প্রশাসনের কাছে রয়েছে। তাছাড়া রয়েছে 45 রকমের যন্ত্রপাতি ও।

তিনি জানান, জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী বা N.D.R.F এর প্রথম ব্যাটেলিয়নের 26 সদস্যক টীম ইতিমধ্যেই এসে পৌঁছেছে। আগামী অক্টোবর মাস পর্যন্ত তারা ঊনকোটি জেলাতে অবস্থান করবে। সম্ভাব্য

প্রাকৃতিক দুর্যোগ তথা বিপর্যয় মোকাবিলার কাজে অংশ নেবার পাশাপাশি বিপর্যয় মোকাবিলা বিষয়ে জনসচেতনতার তথা প্রশিক্ষণের কাজ করবে টীমটি বলে তিনি জানান।

*******************

**REMAL Preparation in South Tripura:**

ঘুর্নিঝড় রেমালের হাত থেকে মানুষকে রক্ষা করতে সব ধরনের প্রস্তুতি নিয়েছে দক্ষিণ জেলা দুর্যোগ মোকাবিলা কতৃপক্ষ।বিলোনিয়ার জেলা শাসকের অফিস এবং  সাব্রুম ও শান্তিরবাজার মহকুমা শাসকের অফিসে ২৪ ঘন্টা কন্ট্রোল রুম খোলা রয়েছে। তিনটি জায়গাতেই সিভিল ডিফেন্স স্বেচ্ছাসেবকদের মোতায়েন করা হয়েছে। জেলার ৩ মহকুমার মহকুমা শাসকরা ঘুর্নিঝড়ে ক্ষতিগ্রস্ত হলে মানুষদের আশ্রয় দেওয়ার জন্য বিভিন্ন স্কুল বা সরকারি অফিস চিহ্নিত করে যাবতীয় প্রস্তুতি নিয়ে রেখেছেন বলে জানালেন দুর্যোগ মোকাবিলা কতৃপক্ষের জেলা প্রোগ্রাম অফিসার জীবন কুমার সরকার।

*******************

**Cyclone measure:**

এদিকে, রাজ্য উচ্চশিক্ষা অধিকর্তা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামীকাল এবং আগামী ২৮শে মে রাজ্যের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানও বন্ধ থাকবে।

রাজ্য বিদ্যালয় শিক্ষা দপ্তরের পক্ষ থেকেও এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে আগামী দু’দিন রাজ্যের সমস্ত সরকারী, বেসরকারী স্কুল বন্ধ থাকবে। এডিসি এলাকায়ও বিদ্যালয় বন্ধ থাকবে।

*******************

**Electricity:**

ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হলে আগামীকাল সকালের মধ্যে মেরামতের কাজ শেষ করার বিষয়ে আজ

ভিডিও কনফারেন্স এর মাধ্যমে জরুরী বৈঠক করেছেন বিদ্যুৎ সচিব অভিষেক সিং। আজ বিকালে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের সমস্ত এডিশনাল জেনারেল ম্যানেজার এবং ডেপুটি জেনারেল ম্যানেজারদের ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিদ্যুৎ সচিব নির্দেশ দেন, প্রত্যেকেই যেন নিজ নিজ জেলা, মহকুমা কিংবা বিভাগীয় দপ্তরে হাজির থাকেন। ঝড়ের তান্ডবে বিদ্যুতের তার কিংবা অন্যান্য কোন ক্ষেত্র বিপর্যস্ত হলে মানুষের যেন কোন ক্ষতি না হয়, সেদিকে নজর রাখার জন্যও তিনি নির্দেশ দেন। এক্ষেত্রে রাজ্যের জনসাধারণকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য বিদ্যুৎ সচিব অনুরোধ জানিয়েছেন।

********************

**Remal-Indian Navy:**

ঘূর্ণিঝড় রেমালের মোকাবেলায় দ্রুত এবং কার্যকরী সহায়তা প্রদানে ভারতীয় নৌ-বাহিনীও কার্যকরী ব্যবস্থা নিয়েছে। ক্ষতিগ্রস্থ এলাকায় দ্রুত ত্রান সাহায্য পৌঁছে দেবার জন্য নৌ-বাহিনীর দুটি জাহাজ প্রস্তুত রেখেছে। এই দুটি জাহাজে খাদ্য, চিকিৎসা সহ অন্যান্য ত্রান ব্যবস্থা মজুত রাখা হয়েছে। এছাড়াও নৌ-বাহিনীর সি কিং এবং চেতক হেলিকপ্টার দ্রুত ত্রান ও উদ্ধারকার্যের জন্য প্রস্তুত রাখা হয়েছে। কোলকাতায় ত্রান কর্মীদের দুটি দোল মোতায়েন করা হয়েছে। রয়েছে বিশেষ সরঞ্জাম সহ ডুবুরীদের দল। বিশাখাপত্তনমেও ডুবুরীদের দল রাখা হয়েছে। এছাড়াও চিল্কা এবং বিশাখাপত্তনমে থেকে দুটি ত্রান ও উদ্ধারকারী দল প্রস্তুত রাখা হয়েছে যাতে স্বল্প সময়ের নোটিশে প্রভাবিত ও ক্ষতিগ্রস্থ এলাকায় পৌঁছে যেতে পারে।

********************

**Kaji Nazrul:**

কাজী নজরুল ইসলামের ১২৫ তম জন্মবার্ষিকী উদযাপন কমিটি এবং মৈত্রী সংসদ এর উদ্যোগে আয়োজিত তিনদিন ব্যাপী উৎসবের সমাপ্তিতে আজ রবীন্দ্র ভবনে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে রাজ্য এবং দেশ বিদেশের শিল্পীরা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। পৌরহিত্য করেন আইনজীবী সন্দীপ দত্ত চৌধুরী।

*******************

**Kaji Nazarul-2:**

এদিকে, রবীন্দ্রভবনে আজ অগ্নিবীণার উদ্যোগে হয় প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠান। অনুষ্ঠানে সংস্থার শিল্পীরা ছাড়াও নাচ গান আবৃত্তি পরিবেশন করেন শহরের বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের শিল্পীরা।

*******************

**More Flights from Agartala:**

ইন্ডিগো আগামী মাস থেকে আরও দুটি উড়ান চালু করছে। আগরতলা বিমানবন্দরের অধিকর্তা আর সি মীনা আজ মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে জানান, আগামী ১ জুন থেকে আগরতলা ও কোলকাতার মধ্যে ইন্ডিগোর একটি অতিরিক্ত বিমান চলবে। তাছাড়া ইন্ডিগোর আরও একটি বিমান আগামী ২০ শে জুন থেকে কোলকাতা, আগরতলা, গুয়াহাটি ও চেন্নাই-এর মধ্যে চলাচল করবে।

*******************

**7th Phase of Election:**

লোকসভা নির্বাচনের সপ্তম এবং শেষ পর্যায়ের ভোটের প্রচারাভিযান জোর কদমে চলছে। বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরপ্রদেশের মির্জাপুরে এক নির্বাচনী সভায় ভাষণ দিতে গিয়ে বলেন সরকারের ভালো উদ্দেশ্য এবং নীতির জন্যই জনগণ তৃতীয়বারের জন্য বিজেপি এন ডি এ জোটকে ভোটে জেতানোর সিদ্ধান্ত নিয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং বিজেপি সভাপতি জে পি নাড্ডাও আজ বিহার এবং পাঞ্জাবে নির্বাচনী সভায় যোগ দেন।

এদিকে, কংগ্রেস সভাপতি মল্লিকার্জ্জুন খাড়গেও আজ বিহারে মোহানিয়া এবং পাটনায় নির্বাচনী সভায় বক্তব্য রাখেন। কংগ্রেস নেতা রাহুল গান্ধীও আজ হিমাচল প্রদেশের নির্বাচনী সভায় বক্তব্য রাখেন।

********************

**Tet Teachers Assosiation:**

ত্রিপুরা মধ্য শিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আমবাসা মহকুমার ৬০ শতাংশের উপর নম্বর প্রাপক ছাত্র-ছাত্রীদের সম্বর্ধনা প্রদান করল ত্রিপুরা টেট টিচার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। আজ এসোসিয়েশনের উদ্যোগে কুলাই কলোনী উচ্চ বিদ্যালয়ে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। মাধ্যমিকে ১৬ জন এবং উচ্চ মাধ্যমিকে ৪২ জন ছাত্রছাত্রীকে সম্বর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য নেতৃত্ব বলরাম রায়, সৌরভ বিশ্বাস, স্বপন নমঃ সহ অন্যান্যরা।

********************

**Jiten Chowdhury:**

জিবি হাসপাতালের পরিষেবা অসন্তোষ ব্যক্ত করলেন বিরোধী দলনেতা তথা সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। সাব্‌রুমে যান দুর্ঘটনায় আহত এক নির্মাণ শ্রমিককে দেখতে তিনি আজ জিবি হাসপাতালে যান। কর্তব্যরত চিকিৎসকদের সঙ্গে কথা বলার পর শ্রী চৌধুরী বলেন, জিবি হাসপাতালে চিকিৎসা পরিষেবা নিয়ে রোগীদের বেশকিছু অভিযোগ রয়েছে। হাসপাতালে চিকিৎসা পরিষেবা আরও উন্নত করতে দাবি জানিয়েছেন সিপিআইএম রাজ্য সম্পাদক।

********************

**Subal Bhowmik:**

বিদ্যুৎ পৃষ্ঠ হয়ে মৃত সাব্রুমের ৩২ বছরের যুবক পূর্নেন্দু বিকাশ দত্তের বাড়িতে গেলেন বিজেপি-র প্রদেশ সহ-সভাপতি প্রাক্তন বিধায়ক সুবল ভৌমিক। শ্রী ভৌমিক মৃতের পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানান।

********************

**Congress press meet:**

রাজ্যের জনজাতি অধ্যুষিত এলাকায় কাজ ও খাদ্যের অভাব রয়েছে বলে অভিযোগ করেছেন প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী। আজ আগরতলায় প্রদেশ কংগ্রেস ভবনে সাংবাদিক সম্মেলনে শ্রী চক্রবর্তী আরও অভিযোগ করেন, রাজ্যে অনাহারে অর্ধাহারে থাকা জনজাতি অংশের মানুষ সন্তান বিক্রি করতে বাধ্য হচ্ছেন। তীব্র গরমের মধ্যে বিদ্যুৎ সমস্যার বিষয়েও তিনি অভিযোগ করেন । সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন মহিলা কংগ্রেসের নেত্রী শ্রেয়সী লস্কর সহ অন্যান্যরা।

********************

**Ganja Seized:**

কৈলাশহর থানার অন্তর্গত ধনবিলাসের এস,কে পাড়ায় গতকাল গভীর রাতে পুলিশ ও টি,এস,আর এর এক যৌথ অভিযানে চার কে,জি শুকনো গাঁজা বাজেয়াপ্ত করা হয়। জনৈক বীরেন্দ্র শব্দকরের বাড়ী থেকে তা উদ্ধার করা হয়। এই ঘটনায় গৃহস্বামীকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছেন, কৈলাশহরের S.D.P.O জয়ন্ত কর্মকার।

********************

**Blood donation:**

মেডিকেল এস্ট্রোলজি রিসার্চ ফেটারনিটির উদ্যোগে আজ এক মেগা রক্তদান শিবিরের আয়োজন করা হয় আগরতলা প্রেস ক্লাবে। এই রক্তদান শিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, সংগঠনের সম্পাদক ড: সোমা চৌধুরী সহ

অন্যান্যরা। মেয়র সংস্থার এই উদ্যোগকে স্বাগত জানিয়ে সবাইকে রক্তদানে এগিয়ে আসার আহ্বান জানান।

********************

**Organisational Workdhop:**

ত্রিপুরা ট্রাক ড্রাইভার মজদুর সংঘের উদ্যোগে আজ শান্তিরবাজার মুকুট অডিটোরিয়ামে এক দিবসীয় এক সাংগঠনিক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সংগঠনের জেলা সভাপতি কমল দত্ত, জেলার বি এম এস সাধারণ সম্পাদক বাপি দেবনাথ, বিএমএস'র রাজ্য কমিটির সম্পাদক অরুণাভ দত্ত প্রমুখ বক্তব্য রাখেন।

********************

**Congress:**

তেলিয়ামুড়া জেলা কংগ্রেস কমিটির উদ্যোগে আজ খোয়াই কংগ্রেস ভবনে দলীয় সাংগঠনিক বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস কমিটির সম্পাদক কার্তিক দেবনাথ, যুব কংগ্রেসের জেলা সভাপতি শংকর পাল সহ অন্যান্য নেতৃবৃন্দরা। জেলা সভাপতি প্রদ্যুৎ ভট্টাচার্য্য জানান, আজকের সভায় আগামী দিনের জন্য বিভিন্ন সাংগঠনিক সিদ্ধান্ত ও কর্মসূচি গ্রহণ করা হয়।

********************

**Dipa-Gold:**

উজবেকিস্তানের রাজধানী তাসকন্দে আয়োজিত এশিয়ান জিমনাস্টিক চ্যাম্পিয়নশীপে রাজ্যের অলিম্পিয়ান জিমনাস্ট দীপা কর্মকার স্বর্ণ পদক পেয়েছেন। ভারতীয় দলের হয়ে অংশ নিয়ে দেশের প্রথম জিমনাস্ট হিসেবে এই আন্তর্জাতিক আসরে দীপা ভল্টিং টেবিলে স্বর্ণ পদক জয় করে নয়া ইতিহাস সৃষ্টি করেন। দীপার পয়েন্ট ১৩ দশমিক ৭৬৬। পরে দুটি স্থান দখল করেন কোরিয়ান জিমন্যাস্ট। এর আগে এশিয়ান জিমনাস্টি প্রতিযোগিতায় দীপা ব্রোঞ্জ পেয়েছিলেন।

*******************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভায় আগামী তিন বছরের জন্য নতুন পরিচালন কমিটি আজ গঠিত হয়েছে। এতে সভাপতি পদে প্রণব সরকার, সচিব অমিত চৌধুরী ও কোষাধ্যক্ষ হিসেবে শংকর প্রসাদ দত্ত পুন:নির্বাচিত হন। এর আগে সভায় সচিবের বার্ষিক প্রতিবেদন ও আয় ব্যয়ের হিসাব আলোচনার পর পাশ হয়েছে।

*******************

**School Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের স্কুল ক্রিকেট প্রতিযোগিতায় প্রগতি বিদ্যাভবন চ্যাম্পিয়ন হয়েছে। আজ এম বি বি স্টেডিয়েমে অনুষ্ঠিত আসরের ফাইনাল খেলায় প্রগতি বিদ্যাভবন ৬ উইকেটে হলিক্রশ স্কুলকে পরাজিত করে।

*******************

**Senior Cricket - Santirbazar:**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা  সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির আজকের ম্যাচে মহেশ্বরী কালিমন্দিরকে ১৫০ রানে হারায় ব্রু জোয়ান মুথু।

*******************

**Weather:**

আবহাওয়ার পরবর্তী ২৪ ঘন্টার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা  থাকবে। আগরতলায় আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৫ ডিগি সেলসিয়াস। আগামীকাল তাপমাত্রা থাকবে সর্বনিম্ন ২৬ থেকে সর্বোচ্চ ২৯ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ বৃষ্টি হয়েছে সামান্য ।

* * * * * * * * * * * * * * * * * * * *

* * * * * * * * * * * * * * * * * * * *